

C. U.
BENGALI (HONS.) QUESTION PAPERS—2013
Part—III

(Under 1+1+1 – New System)

পঞ্চম পত্র — ২০১৩

বাংলা—সাম্মানিক

পূর্ণমান—১০০

১। (ক) আখ্যানকাব্য ও গাথাকাব্যের সংজ্ঞা লেখো। এই দুই কাব্যের পার্থক্য নির্দেশ করে একটি বাংলা আখ্যান কাব্যের পরিচয় দাও। ৩+৩+৬+৬

অথবা, (খ) উদাহরণসহ যে কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করো —
(অ) আদি মহাকাব্য (আ) গীতিকাব্য (ই) পত্রকাব্য। ৯+৯

২। (ক) ‘নবজাগ্রত মূল্যবোধের প্রভাবে কেকয়ী ও শূর্ণনখা নতুন ব্যক্তিত্ব নিয়ে বীরঙ্গনা কাব্যে আবির্ভূত হয়েছেন’— আলোচনা করো। ১২

অথবা, (খ) ‘বীরঙ্গনা’ কাব্যের নামকরণ কতদূর সার্থক হয়েছে বিচার করো। ১২

৩। (ক) ‘চির-অভাগিনী আমি! জনক-জননী
ত্যজিলা শৈশবে মোরে, না জানি কি পাপে?
পরান্নে বাঁচিল প্রাণ— পরের পালনে!’

— কে, কার উদ্দেশে বলেছে? ‘জনক-জননী’র পরিচয় দাও। বক্তাকে কে পালন করেছেন? ১+২+১

অথবা, (খ) ‘ক্ষত্রকুলবালা আমি; ক্ষত্রকুল-বধু;
কেমনে এ অপমান সব ধৈর্য্য ধরি?

ছাড়িব এ পোড়া প্রাণ জাহ্নবীর জলে’

— কোন্ পত্রিকার অংশ? ‘অপমান’ বলতে কী বোঝানো হয়েছে? ‘জাহ্নবী’ শব্দের অর্থ কী? ১+২+১

৪। (ক) ‘নিরুদ্দেশ যাত্রা’ কবিতায় সৌন্দর্য্যবোধ ও রহস্যময়তার যে মিলন ঘটেছে তার মূল্যায়ন করো। ১২

অথবা, (খ) ‘সোনার তরী’ কবিতায় প্রকাশিত কবির জীবনদর্শন নিজের ভাষায় বিশ্লেষণ করো। ১২

৫। (ক) আমাদেরি কুটিরকাননে
ফুটে পুষ্প, কেহ দেয় দেবতা-চরণে
কেহ রাখে প্রিয়জন-তরে—’

— কোন্ কবিতায় অংশ? উদ্ধৃত অংশটির তাৎপর্য লেখো। ১+৩

অথবা, (খ) '.... সে कहिल বিষণ্ণ-নয়ন

লানমুখে, 'যেতে আমি দিব না তোমায়।'

— কে, কাকে এ কথা বলেছে? কেন এ কথা বলা হয়েছে? ১+১+২

৬। (ক) 'নারী' কবিতায় কাজী নজরুল ইসলামের যে সাম্যবাদী চিন্তা ও মর্মস্পর্শী দৃষ্টিভঙ্গি প্রকাশ পেয়েছে তার পরিচয় দাও। ১২

অথবা, (খ) 'তীর ব্যঙ্গ ও দুর্নিবার ক্রোধের মিশ্রণে যথার্থ প্রতিবাদের কবিতা হয়ে উঠেছে 'আমার কৈফিয়ৎ'।'— আলোচনা করো। ১২

৭। (ক) 'আমি পরশুরামের কঠোর কুঠার

নিঃক্ষত্রিয় করিব বিশ্ব, আনিব শান্তি শান্ত উদার।'

— কোন্ কবিতার অংশ? উদ্ধৃত অংশের তাৎপর্য লেখো। ১+৩

অথবা, (খ) '.... দারিদ্র্য অসহ

পুত্র হয়ে জায়া হয়ে, কাঁদে অহরহ

আমার দুয়ার ধরি!'

— উদ্ধৃত অংশটি ব্যাখ্যা করো। ৪

৮। (ক) 'যেতে পারি কিন্তু কেন যাব' কবিতায় মৃত্যুচেতনাকে অতিক্রম করে জেগে ওঠে বাঁচার আনন্দ। — আলোচনা করো। ১৪

অথবা, (খ) 'বোধন' কবিতায় কবি কীসের বোধনের কথা বলেছেন? প্রসঙ্গত এই কবিতায় কবির সমাজচেতনার পরিচয় দাও। ৬+৮

৯। (ক) তোমার অক্ষয় মন্ত্র। অন্তরে লভেছি তব বাণী

তাই তো মানি না ভয়, জীবনেরই জয় হবে, জানি।'

— কার লেখা, কোন্ কবিতার অংশ? 'তোমার' বলে কাকে বোঝানো হয়েছে? 'অক্ষয় মন্ত্র' বলতে কী বোঝো? $\frac{1}{2} + \frac{1}{2} + 1 + 2$

অথবা, (খ) 'দেখে কোমল ব্যথার সারি

অশ্রুসিক্ত সজল রথে,

মোমের মত সাধগুলি মোর

বিছিয়ে দিলাম আঙার-পথে।'

— কোন্ কবিতার অংশ? কবির নাম লেখো। 'আঙার-পথে' বলতে কবি কী বুঝিয়েছেন? ১+১+২

১০। নিম্নলিখিত অংশটির কাব্যশৈলী বিচার করো : ১৬

(ক) আর কি লিখিবে দাসী? সুপাণ্ডিত তুমি

ক্ষম ভ্রম; ক্ষম দোষ— কেমনে পড়িব

কি कहিল পোড়া মনঃ, হয়, কি লিখিল

লেখনী? আইস, নাথ, এ মিনতি পদে।
 লিখিনু লেখন বসি একাকিনী বনে,
 কাঁপি ভয়ে—কাঁদি খেদে—মরিয়া শরমে!
 লয়ে ফুলবৃন্ত, কাণ্ড, নয়ন-কাজলে
 লিখিনু! ক্ষমিও দোষ, দয়াসিদ্ধু তুমি!
 আইলে দাসীর পাশে, বুবিব ক্ষমিলে
 দোষ তার, তারানাথ! কি আর কহিব?
 জীবন মরণ মম, আজি তব হাতে!

অথবা, (খ) বেণীমাধব, বেণীমাধব, তোমার বাড়ি যাবো
 বেণীমাধব, তুমি কি আর আমার কথা ভাবো
 বেণীমাধব, মোহনবাঁশি তমাল তরুগুলো
 বাজিয়েছিলে, আমি তখন মালতী ইস্কুলে
 ডেস্কে বসে অঙ্ক করি, ছোট্ট ক্লাসঘর
 বাইরে দিদিমণির পাশে দিদিমণির বর
 আমি তখন নবম শ্রেণী, আমি তখন শাড়ি
 আলাপ হলো, বেণীমাধব, সুলেখাদের বাড়ি
 বেণীমাধব, বেণীমাধব, লেখাপড়ায় ভালো
 শহর থেকে বেড়াতে এলে, আমার রঙ কালো
 তোমায় দেখে এক দৌড়ে পালিয়ে গেছি ঘরে
 বেণীমাধব, আমার বাবা দোকানে কাজ করে
 কুঞ্জে অলি গুঞ্জে তবু, ফুটেছে মঞ্জুরী
 সন্ধেবেলা পড়তে বসে অঙ্ক ভুল করি
 আমি তখন নবম শ্রেণী, আমি তখন ষোলো
 ব্রীজের ধারে, বেণীমাধব, লুকিয়ে দেখা হলো।

ষষ্ঠ পত্র — ২০১৩

বাংলা—সাম্মানিক

পূর্ণমান—১০০

১। (ক) ‘পুতুল নাচের ইতিকথা’ উপন্যাস অবলম্বনে মতি-কুমুদ আখ্যানের
 প্রাসঙ্গিকতা বিচার করো। ১৪

অথবা (খ) ‘পুতুল নাচের ইতিকথা’য় বহু মানুষের মধ্যে বেঁচেও শশী নিঃসঙ্গ,
 একক। তার এই একাকীত্ব ও নিঃসঙ্গতার স্বরূপ বিশ্লেষণ করো। ১৪